**আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড**
(আইসিবি'র একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান)
গ্রীন সিটি এজ্ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।
www.icbamcl.com.bd
**অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট**

নং-০১.০২/

তারিখঃ ২১ ফাল্গুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

# বিজ্ঞপ্তি

**আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এ সিনিয়র অফিসার পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য মৌখিক পরীক্ষার সময়সূচী প্রসঙ্গে।**

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর সিনিয়র অফিসার পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে ৩০ মার্চ, ২০২৩ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তি নং ০১.০২.৫২৮৯ এর প্রেক্ষিতে ২৬ জানুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত MCQ ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত ৬৯ (উনসত্তর) জন প্রার্থীর **মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী মোতাবেক কোম্পানির বোর্ড কক্ষ, গ্রীন সিটি এজ্ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০** এ অনুষ্ঠিত হবে:

| মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের রোল নম্বর (মেধাভিত্তিতে নয়) | পরীক্ষার তারিখ ও সময় |
|---|---|
| 0009, 0021, 0162, 0368, 0369, 0480, 0515, 0524, 0553, 0557, 0606, 0619, 0622, 0652, 0692, 0728, 0756, 0782, 0794=১৯ জন | ১৫.০৩.২০২৪; শুক্রবার সকাল ১০:০০-১২:০০ |
| 0827, 0880, 0931, 0961, 0978, 1005, 1010, 1166, 1218, 1256, 1387, 1438, 1609, 1643, 1663, 1743, 1912, 1968, 1969, 2010, 2084, 2093, 2178, 2191, 2213=২৫ জন | ১৬.০৩.২০২৪; শনিবার সকাল ১০:০০-১২:৩০ |
| 2338, 2369, 2452, 2550, 2977, 3142, 3357, 3504, 3617, 3804, 3856, 3919, 3927, 3987, 3988, 3998, 4025, 4203, 4223, 4295, 4341, 4361, 4400, 4429, 4560=২৫ জন | ১৬.০৩.২০২৪; শনিবার দুপুর ০১:৩০-০৪:০০ |

মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোনো ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; তবে, ইতঃপূর্বে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে প্রার্থীদের অবশ্যই রিপোর্ট করতে হবে। প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং এতদসংক্রান্ত এক সেট সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষার অব্যবহিত পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডের সহযোগী সদস্যদের নিকট জমা দিতে হবেঃ

১. সভাপতি, নিয়োগ কমিটি, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড, ৮৯, কাকরাইল, ঢাকা বরাবর প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র;
২. সদ্য তোলা ০৩ কপি রঙ্গিন পাসপোর্ট সাইজ ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর লিখতে হবে);
৩. পরীক্ষার প্রবেশপত্র;
৪. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (ক্রমানুসারে সাজিয়ে এসএসসি/সমমান সনদ, এইচএসসি/সমমান সনদ, চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) সনদ ও মার্কশীট, স্নাতকোত্তর সনদ ও মার্কশীট);
৫. চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ের সনদ/মার্কশিট-এ ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ;
৬. 'O' Level/'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণী/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
৭. আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে (পিতা/স্বামী) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক সম্প্রতি ইস্যুকৃত জাতীয়তা সনদপত্র/নাগরিকত্ব সনদপত্র;
৮. মুক্তিযোদ্ধা সংক্রান্ত প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধা সনদ সম্পর্কিত প্রমাণক দলিলাদির সনদপত্র;
৯. প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধীদের স্বপক্ষে প্রদত্ত সনদপত্র এবং
১০. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।

**বিশেষ দ্রষ্টব্য**
ক) প্রকাশিত ফলাফলে কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধনের অধিকার কোম্পানি সংরক্ষণ করে।
খ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদির কারণে এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদির সাথে অসংগতিপূর্ণ তথ্যের কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থীর সাথে কোনো যোগাযোগ ছাড়াই প্রার্থীতা বাতিল করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে।
গ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**(মোঃ মাসুদুল হাসান)**
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা
ও
সভাপতি, নিয়োগ কমিটি
ফোনঃ ০২-৮৩০০৪০২
ই-মেইলঃ recruit@icb.org.bd